গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি)-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয় বিভাগের/কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: অগ্রাধিকার, কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক অর্জনঃ**

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং সকল শিশুকে স্কুলমুখী করার লক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন বাস্তবমুখী কর্মসূচী গ্রহণ করা হয়েছে। শিক্ষার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে নতুন শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করা, বিদ্যমান প্রতিষ্ঠানসমূহে ভৌত অবকাঠামো নির্মাণ ও সংস্কার, মাল্টিমিডিয়াভিত্তিক পাঠদান কর্মসূচী, শিক্ষা সহায়ক যন্ত্রপাতি বিশেষ করে কম্পিউটার এবং আসবাবপত্র সরবরাহ করা, যুগোপযুগী শিক্ষা কারিকুলাম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ, শিক্ষকদের প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। দেশের সমস্ত জেলা সদরের ৭০টি পোষ্ট গ্র্যাজুয়েট কলেজের উন্নয়ন ছাড়াও ঢাকা শহরে নতুন ৬টি কলেজ ও ১১টি মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কাজ চলছে। ইতোমধ্যে ১০০০টি মাদ্রাসার উন্নয়নের কাজ শুরু হয়েছে। দেশব্যাপি ২৫০০টি বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসায় মালটিমিডিয়ার মাধ্যমে অর্থাৎ আইসিটি ভিত্তিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। ১৫০০টি বেসরকারি কলেজের আধুনিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সাধারণ শিক্ষার পাশাপাশি কৃষি ও প্রকৌশল শিক্ষার উপরও জোর দেয়া হয়েছে।

বাংলাদেশ সরকারের উন্নয়ন নীতিমালার সাথে সংগতি রেখে স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ সেক্টরের আওতায় দেশের সকল নাগরিক বিশেষ করে অসহায় জনগোষ্ঠি যেমন- শিশু, মহিলা, বৃদ্ধ ও নারীদের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্যের টেকসই উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSDP) বাস্তবায়িত হচ্ছে। জনগণের দোর গোড়ায় সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ''রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিসিয়েটিভস ইন বাংলাদেশ'' প্রকল্পের আওতায় কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হচ্ছে। এছাড়া, অটিস্টিক শিশুদের চিকিৎসা সেবা ও অন্যান্য সেবা প্রদানের জন্য 'Establishment of Pediatric Neuro-disorder and Autism in BSMMU' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

তথ্য ও প্রযুক্তির ব্যাপক প্রসার ও এর ব্যবহার সহজলভ্য ও জনপ্রিয় করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য সারা দেশের ২০০০ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন, আইসিটি-এর সম্প্রসারণের লক্ষ্যে হাই-টেক পার্ক স্থাপন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, জেলা ও উপজেলা প্রশাসনের মধ্যে পারস্পারিক তথ্য আদান প্রদানের জন্য ডাটাবেজ নির্মাণ ও উন্নত প্রযুক্তিগত সংযোগ স্থাপন, আইসিটি বিষয়ে ফ্রি-ল্যান্সার তৈরির লক্ষ্যে লার্নিং এন্ড আর্নিং প্রকল্প বাসত্মবায়ন, দেশব্যাপী সরকারি সেবা সহজলভ্য করার লক্ষ্যে এ্যাকসেস টু ইনফরমেশন প্রকল্প বাস্তবায়ন এবং বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে বঙ্গবন্ধু ফেলোশীপ প্রদান প্রভৃতি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, জেলা পর্যায়ে আইটি পার্ক স্থাপন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি একাডেমি স্থাপন, National IV Tier Data Centre (4TDC) স্থাপন, জাতীয় তথ্য নিরাপত্তা কেন্দ্র ও ডিজিটাল ফরেন্সিক ল্যাব স্থাপন, সফট্ওয়্যার সার্টিফিকেশন সেন্টার স্থাপন, স্কিল ডেভেলপমেন্ট ফর মোবাইল এ্যাপিস্নকেশন এন্ড গেমিং ইন্ডাস্ট্রি, ইনফো-সরকার (ফেইজ-৩) প্রভৃতি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আইসোটোপ উৎপাদন ও চিকিৎসা ক্ষেত্রে তার প্রয়োগ, পরমাণু চিকিৎসা প্রযুক্তি নির্ভর ক্যান্সার চিকিৎসার জন্য অত্যাধুনিক পজিট্রন এমিশন ট্রমোগ্রাফী এবং কম্পিউটেড টমোগ্রাফী (পেটসিটি) প্রযুক্তি স্থাপন, মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ গবেষণাগার স্থাপন, সৌর বিদ্যুৎ ও সৌর শক্তি প্রযুক্তির উপর গবেষণা, বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ প্রভৃতি কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এছাড়া, এডভান্স ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এডুকেশন এন্ড ট্রেনিং স্থাপন, এস্টাবলিশমেন্ট অব সেন্টার ফর টেকনোলজী ট্রান্সফার এন্ড ইনোভেশন, জাতীয় জীন ব্যাংক স্থাপন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের রাজশাহী স্থাপন প্রকল্প প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অর্থ বিভাগ কর্তৃক ১০৫০.৫৬ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নাধীন ''স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (ফেজ-১)''-শীর্ষক প্রকল্প, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ৫৫১.৫৯ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নাধীন ''মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (ভ্যাট অনলাইন)''-শীর্ষক প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ১৩৭৯.১৯ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নাধীন ''আইডেনটিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং একসেস টু সার্ভিসেস''-শীর্ষক প্রকল্পসমূহ বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও জনপ্রশাসন সেক্টরের আওতায় আরও অনেক বিনিয়োগ ও কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা হয়েছে। 'রূপকল্প ২০২১' এর লক্ষ্যে ও উদ্দেশ্যকে সামনে রেখে এ সকল উন্নয়ন প্রকল্পের সঠিক বাস্তবায়নের দ্বারা বাংলাদেশকে উন্নয়নের কাঙ্খিত লক্ষ্যে উন্নীত করার প্রচেষ্টা সফল হবে বলে আশা করা যায়।

নারীকে উন্নয়নের মূল স্রোতধারায় আনার জন্য এবং নারীর ন্যায্য অধিকার ও সমতা নিশ্চিত করতঃ সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করা এসব বিনিয়োগ ও কারিগরী প্রকল্পের উদ্দেশ্যে। এ সাব-সেক্টরের উল্লেখযোগ্য চলমান প্রকল্প হলো নারী নির্যাতন প্রতিরোধে মাল্টি সেক্টোরাল প্রোগ্রাম (৩য় পর্যায়), জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ, কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের জন্য হোস্টেল নির্মাণ, ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম ইত্যাদি।

সরকার কর্তৃক গৃহীত দারিদ্র বিমোচনে বিভিন্ন পদক্ষেপ, প্রেক্ষিত পরিকল্পনা অনুযায়ী মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে উৎপাদনমূখী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রায় ৪০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। যে সকল জেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নেই সে সকল জেলায় আরো ৩০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, মেরিন সেক্টরে দেশে ও বিদেশে জনশক্তির চাহিদা বিবেচনা করে দেশের ৫টি জেলায় ৫টি মেরিন ইনস্টিটিউট স্থাপনের জন্য আরও একটি প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে তাছাড়া, সহযোগী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ভোকেশনাল প্রোগ্রাম চালু করার বিষয় প্রকল্প গ্রহণ করা হয়েছে। রানা প্লাজা দূর্ঘটনার পর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও কর্তৃক "Improving Working Conditions in the Ready- Made Garments Sector in Bangladesh" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে আইন প্রয়োগের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, ভবন ও অগ্নি নিরাপত্তা উন্নয়ন, তাজরিন ও রানা প্লাজায় আহতদের পুনর্বাসন এবং দেশের তৈরি পোষাক শিল্পের কর্মপরিবেশ উন্নয়ন সাধিত হবে।

## সমস্যা ও চ্যালেঞ্জ

- উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সেক্টরাল পলিসি না থাকায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে যথার্থতার ঘাটতি
- প্রকল্পে গ্রহণে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং সার্ভে ঠিকমত না করা
- কিছু ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব/ডিপিপি/টিপিপি যথার্থভাবে তৈরি করার জন্য সংশ্লিষ্ট এবং কারিগরি জ্ঞানের ঘাটতি
- সম্পদ এবং সামর্থ্যের কথা কম বিবেচনায় এনে অনেক সময় অর্থনৈতিক এবং সামাজিকভাবে কম গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ
- পরিকল্পনা কমিশন হতে প্রকল্প পরিদর্শন কম হওয়ায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা এবং পরবর্তীতে সমজাতীয় প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পূর্বের প্রকল্পসমূহের সমস্যা চিহ্নিতকরণে অস্পষ্টতা
- প্রকল্প প্রক্রিয়াকরণ প্রক্রিয়ায় জনবলের ঘাটতি।

## ভবিষ্যৎ পরিকল্পনা

- প্রকল্পের গ্রহণ এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেক্টরাল পলিসি প্রণয়ন
- প্রকল্পের সামাজিক এবং অর্থনৈতিক উপযোগিতা বিশ্লেষণে ট্যাকনিক্যালিটির ব্যবহার/আশ্রয় বাড়ানো
- উদ্দেশ্যের সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ
- জাতীয় এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি সম্বলিত সংস্থাসমূহকে যথার্থভাবে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং অত্র বিভাগে প্রকল্প অগ্রগতি/সমস্যা ইত্যাদি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।

### ২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ (সেক্টর হতে নিম্নলিখিত ক্ষেত্রে ইনপুট প্রদান)

- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা'র বিভিন্ন পলিসি প্রণয়নে মতামতসহ সহায়তা প্রদান
- এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাৎসরিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন
- ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্পে গ্রহণে পরামর্শ প্রদান এবং নিশ্চিতকরণ
- আরএডিপি/এডিপি প্রণয়ণে সহায়তা প্রদান
- সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান
- প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন।

## উপক্রমনিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের ...জুন... মাসের ...২৮... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

## ১.১. রূপকল্প:

টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা।

## ১.২. অভিলক্ষ্য:

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিতকল্পে বিভিন্ন প্রতিষ্ঠান/মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে সহায়তা প্রদান।

## ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(১) জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
(২) জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা

## ১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

## ১.৪. কার্যাবলি

১.৪.১ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
১.৪.২ বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
১.৪.৩ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ
১.৪.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট
১.৪.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান
১.৪.৬ এসডিজি বাস্তবায়নে বিভিন্ন ইনপুট প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান
১.৮.৭ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়া করা

সেকশন ২ :

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৯৪% | ৯৪% | ৯৫% | ৯৬% | ৯৭% | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, বিবিএস, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে গতিশীলতা বৃদ্ধি | গড় সময় হ্রাস | দিন | ৬২ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| কার্যকরী পলিসি গ্রহণ/গ্রহণে সহায়তার উদ্দেশ্যে মতামত প্রদান | গড় সময় হ্রাস | দিন | ২০ | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | পরিকল্পনা কমিশন, পলিসি প্রণয়ন/গ্রহণকারী বিভিন্ন সংস্থা। জাতীয় উন্নয়ন পলিসি তৈরির ক্ষেত্রে পরিকল্পনা কমিশন মূলত দায়িত্বপ্রাপ্ত | |

*সাময়িক (provisional) তথ্য

** যদিও প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপনের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের সরাসরি আওতাভুক্ত নয়।

## সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | ৫০ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ২০ | ৮৮ | ৯০ | ৯২ | ৯০ | ৮৮ | ৮৪ | ৮০ | ৯২ | ৯৪ |
| | | | পিইসি/এসপিইসি আয়োজন | সংখ্যা এবং শতকরা | ১০ | ৮৮ | ৯৩ | ৯২ | ৯০ | ৮৮ | ৮০ | ৭৬ | ৯৫ | ৯৬ |
| | | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সংখ্যা এবং শতকরা | ৯ | ৯৫ | ৯৬ | ৯৬ | ৯৪ | ৯২ | ৮৪ | ৮০ | ৯৬ | ৯৭ |
| | | ১.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহনকৃত সভা (শতকরা) | সংখ্যা এবং শতকরা | ৫ | ৮৮ | ৯২ | ৯২ | ৮৭ | ৮২ | ৭৮ | ৭৪ | ৯৪ | ৯৫ |
| | | ১.৩. অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিস্পত্তি | প্রক্রিয়াকরণের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ৩ | ৯৫ | ৯৫ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৬ | ৮০ | ৯৬ | ৯৭ |
| | | ১.৪. প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ৩ | ৯৫ | ৯৫ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৬ | ৮০ | ৯৬ | ৯৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা | ৩৫ | ২.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কাযদিবস | ৮ | ৫ | ৫ | ৫ | ৭ | ৯ | ১১ | ১৩ | ৫ | ৪ |
| | | ২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কাযদিবস | ৮ | ১০ | ১০ | ১০ | ১২ | ১৪ | ১৬ | ১৮ | ১০ | ৯ |
| | | ২.৩. জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | প্রশ্নোত্তর ও তথ্য প্রেরিত | কাযদিবস | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ২ | ২ |
| | | ২.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | মতামত প্রেরিত | দিন | ৬ | ১৫ | ১৫ | ১৫ | ১৮ | ২০ | ২২ | ২৪ | ১৫ | ১৫ |
| | | ২.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | মতামত প্রেরিত | দিন | ৫ | ১৫ | ১৫ | ১৫ | ১৮ | ২০ | ২২ | ২৪ | ১৫ | ১৫ |
| | | ২.৬. এসডিজি সংক্রান্ত ইনপুট প্রদান | ইনপুট প্রেরিত | দিন | ৫ | - | - | ১৪ | ১৭ | ১৮ | ২১ | ২২ | ১৪ | ১৩ |

*সাময়িক (provisional) তথ্য

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন - মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................... ..........................................

সদস্য<br>
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ<br>
পরিকল্পনা কমিশন

তারিখ

.......................................................... ..........................................

সচিব<br>
পরিকল্পনা বিভাগ

তারিখ

## সংযোজনী -১

### শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৩ | ডিএসপিইসি | ডিপার্টমেন্টাল স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৪ | জিইডি | জেনারেল ইকনমিক ডিভিশন |
| ৫ | এসইআইডি | সোসিও-ইকনমিক ইনফ্রাসট্রাকচার ডিভিশন |
| ৬ | ইআরডি | ইকনমিক রিলেশনস ডিভিশন |
| ৭ | পিইসি | প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৮ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৯ | এডিপি | এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ১০ | আরএডিপি | রিভাইজড এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী/সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যালোচনায় সহায়তা প্রদান | অনুষ্ঠিত সভা | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার বিবেচনাকল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন//পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ , জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | এসডিজি সংক্রান্ত ইনপুন প্রদান | ইনপুট প্রেরিত | বিভিন্ন সেক্টর ভিত্তিক তথ্য, | সংশ্লিষ্ট সেক্টর, | জিইডি/মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশনের বিভিন্ন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | | পরামর্শ প্রদান করা হবে | জিইডি, মন্ত্রণালয় | প্রতিবেদন/ডাটা | |
| ৭ | প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের হার | প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সেক্টরের আওতাধীন মন্ত্রণালয়সমূহ হতে প্রকল্প প্রস্তাব আলোচ্য বিভাগে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | | পিইসি/এসপিইসি আয়োজন | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবের উপর পিইসি/এসপিইসি আয়োজন করা হয় | আলোচ্য বিভাগ এবং সভায় আমন্ত্রিত প্রতিনিধিগণ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী অথবা একনেকে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রীর দপ্তর/একনেক | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহনকৃত সভা | উন্নয়ন প্রকল্ সংক্রান্ত বিভিন্ন সভা মন্ত্রণালয়/সংস্থায় আয়োজন করা হয় এবং সেখানে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ আমন্ত্রিত হন | আলোচ্য বিভাগের সংশ্লিষ্ট আমন্ত্রণপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| ১১ | অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিষ্পত্তি | প্রক্রিয়াকরণের শতকরা হার | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত এ সংক্রান্ত প্রস্তাবসমূহ সেক্টর পর্যায়ে নিষ্পত্তি করা হয় | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর, মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |
| ১২ | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণের শতকরা হার | | | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচী যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| মন্ত্রণালয় | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত সঠিক সম য়ে প্রদান | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| বিভাগ | ইআরডি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং বৈদেশিক সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য প্রাপ্তির তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা যথাযথ হবেনা | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |